

# সমকাল

নোবিপ্রবির দ্বিতীয় সমাবর্তনে রাষ্ট্রপতি

## নেতৃত্ব বিকাশের আদর্শ জায়গা বিশ্ববিদ্যালয়

৯ ঘণ্টা আগে

---

নোয়াখালী প্রতিনিধি

---



রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেছেন, নেতৃত্ব বিকাশের আদর্শ স্থান হচ্ছে বিশ্ববিদ্যালয়। জাতি গঠনে বিশ্ববিদ্যালয়ের গুরুত্ব অপরিসীম। এখানে কেবল পুঁথিগত বিদ্যা প্রদান করে না, শিক্ষার্থীদের অতীতের সঙ্গে বর্তমানের যোগসূত্র ঘটায়; তাদের সমকালীন আর্থ-সামাজিক ও রাজনৈতিক বিষয়ে সচেতন করে তোলে এবং বিশ্বনাগরিকে পরিণত করে।

রাষ্ট্রপতি গতকাল রোববার বিকেলে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) দ্বিতীয় সমাবর্তনে সভাপতির বক্তব্যে এসব কথা বলেন। অনুষ্ঠানে সমাবর্তন বক্তা ছিলেন একুশে পদকপ্রাপ্ত বিশিষ্ট সমাজবিজ্ঞানী অধ্যাপক অনুপম সেন। বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এম অহিদ্দজ্জামান, শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি এবং নোবিপ্রবির কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ ফারুক উদ্দিন।

রাষ্ট্রপতি বলেন, আর্থ-সামাজিক উন্নয়নের প্রতিটি খাতে বাংলাদেশ এগিয়ে যাচ্ছে। উন্নয়ন ও অগ্রগতির এ ধারাকে অব্যাহত রাখতে সঠিক ও যোগ্য নেতৃত্বের বিকল্প নেই। বঙ্গবন্ধুর নেতৃত্বে আমরা স্বাধীনতা পেয়েছি। আর তারই সুযোগ্য কন্যা জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশ উন্নয়নের অতীষ্ট লক্ষ্যে এগিয়ে যাচ্ছে।

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেন, জাতিসত্তার বিকাশে গুণগত শিক্ষার কোনো বিকল্প নেই। শিক্ষাক্ষেত্রে মানোন্নয়নের বিষয়কে সর্বোচ্চ অগ্রাধিকার দিচ্ছে বর্তমান সরকার।

রাষ্ট্রপতি স্নাতক ও স্নাতকোত্তর শিক্ষার্থীদের সঙ্গে বর্ণাঢ্য শোভাযাত্রায় অংশ নেন এবং নবনির্মিত বঙ্গমাতা ফজিলাতুন্নেছা মুজিব হল উদ্বোধন করেন। সমাবর্তনে শিক্ষার্থীদের ১০টি স্বর্ণপদক প্রদান করা হয়। এর মধ্যে স্নাতক পর্যায়ে ৬ জন চ্যাম্পেলর স্বর্ণপদক ও স্নাতকোত্তরের ৪ জন পান ভাইস চ্যাম্পেলর স্বর্ণপদক। সমাবর্তনে ২ হাজার ২৬৩ জনকে স্নাতক ডিগ্রি ও ৪৪৫ জনকে স্নাতকোত্তর ডিগ্রি এবং ২১৮ জনকে স্নাতকোত্তর ডিপ্লোমা ডিগ্রি প্রদান করা হয়।

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন : +৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) । ইমেইল: ad.samakalonline@outlook.com